

## এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### ১. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

- এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস.সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৫০ (অথবা সমমান) ডিগ্রী থাকতে হবে।
- চাকুরীরত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খন্ডকালীন ছাত্র হিসাবে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।

### ২. আবেদনের সময়সীমা:

- ২১/০৫/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত।

### ৩. অন্যান্য তথ্য:

- আবেদনকৃত শিক্ষার্থীদের জনতা ব্যাংক লিমিটেড, পাবিপ্রবি শাখার নির্ধারিত হিসাব (০১০০১৫৬৮৮০৭৫৭) নম্বরে আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- দরখাস্তের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ও সকল পরীক্ষা পাশের সনদপত্র, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

### ৪. ভর্তি পরীক্ষার তারিখ ও ফলাফল প্রকাশ:

- ভর্তি পরীক্ষা আগামী ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখে ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে সকাল: ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

### ৫. ভর্তি পরীক্ষার স্থান ও আসন সংখ্যা:


- ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ।
- আসন সংখ্যা ৪০ টি।

### ৬. ফলাফল প্রকাশ:

- ০৩/০৬/২০২৩ খ্রি. তারিখ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হবে।

### ৭. ভর্তি পরীক্ষার ফি সমূহ:

- নির্বাচিত প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে বিবেচিত হলে আগামী ১১/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সমূহ জমাদান পূর্বক ভর্তি হতে পারবে। বিস্তারিত তথ্যের জন্য বিভাগীয় চেয়ারম্যান এর কার্যালয় এবং একাডেমিক ও স্টুডেন্টস শাখায় যোগাযোগ করা যেতে পারে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট- [www.pust.ac.bd](http://www.pust.ac.bd) হতে তথ্য জানা যাবে।

  
(ড. মো. ওমর ফারুক)

চেয়ারম্যান

ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।